



ইসলামিক ফাউন্ডেশন

দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ

বায়তুল মুকাররম, ঢাকা-১০০০

দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ- এর পরিচিতি

জাতীয় চাঁদ দেখা কমিটির কার্যক্রম পরিচালনা, বিভিন্ন জাতীয় ও ধর্মীয় দিবসসমূহ উদযাপন, জাতীয় ফিতরা নির্ধারণী সভা, বিভিন্ন ধর্মীয় বিষয়ে মাসলা মাসায়েল, ফারায়েজ ও ফতোয়া প্রদান, আরবী অনুবাদ সত্যায়ন, আন্তর্জাতিক হিফজুল কোরআন ও কিরাআত প্রতিযোগিতা আয়োজন বিদেশে এ প্রতিযোগিতার প্রার্থী বাছাই করে প্রেরণ এ বিভাগ থেকে হয়ে থাকে। রমজানের সাহরী ও ইফতারের সময়সূচি সম্বলিত ক্যালেন্ডার তৈরি ও জনসাধারণের মধ্যে বিতরণ, মুসলিম মনীষী ও জাতীয় নেতৃবৃন্দের স্মরণে আলোচনা সভা ও ইসলামের মৌলিক ও গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা সভা, সেমিনার-সিম্পোজিয়াম, বিষয়ভিত্তিক ওয়াজ মাহফিল, পক্ষকালব্যাপী পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপন, মাসব্যাপী মাহে রমজানে বাদ যোহর ধারাবাহিক তাফসীরুল কুরআন মাহফিল আয়োজন, পবিত্র শবে বরাত ও পবিত্র শবে ক্বদর যথাযোগ্য মর্যাদায় উদযাপন, জাতীয় দিবস ও ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবস আয়োজন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন এ বিভাগ সম্পন্ন করে থাকে।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিতব্য হিফয ও কিরাআত প্রতিযোগিতায় ১৯৮৩ সাল হতে ২০২৪ সালের এ পর্যন্ত প্রাপ্ত তথ্যানুযায়ী দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের অধীনে নির্বাচিত ১৭৩ জন প্রতিযোগী সৌদি আরব, দুবাই, লিবিয়া, গাম্বিয়া, মালয়েশিয়া, ইরান, মিসর, জর্ডান, তুরস্ক, আলজেরিয়া, ভারত, পাকিস্তান, মালদ্বীপ ও কুয়েতসহ বিভিন্ন দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক হিফয, কিরাআত, তাফসীর ও ইমাম মুবাল্লিগ প্রতিযোগিতায় ১ম, ২য়, ৩য় স্থানসহ বিভিন্ন স্তরে পুরস্কার পেয়েছেন। বাংলাদেশের সাথে সৌদি আরবসহ অন্যান্য দেশের দ্বিপাক্ষিক চুক্তির আওতায় শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার বিষয়ে সময়ে সময়ে বিভিন্ন কার্যক্রম প্রক্রিয়া এই বিভাগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে।

এ বিভাগের অধীনে মহিলা শাখা নারী সমাজের মাঝে ইসলামের প্রচার ও প্রসার এবং ইসলামী আদর্শ ও মূল্যবোধ জাহত করার লক্ষ্যে কাজ করে থাকে। এ ছাড়া মহিলা নামাজ কক্ষে আগত নারী মুসল্লীদের মধ্যে কুরআন শিক্ষা প্রদান এবং নিয়মিত কুরআনুল কারীমের তাফসীর মাহফিল আয়োজনের মাধ্যমে কুরআন প্রচার-প্রসারে এ বিভাগ উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এ বিভাগের মাধ্যমে দেশের শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ইসলামের বিভিন্ন বিষয়ে আলোচনা মাহফিলের ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে।

ঈদের নামাজের জন্য জাতীয় ঈদগাহে ইমাম, মুকাব্বির ও উপস্থাপক এর নামের প্রস্তাব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ ও জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ইমাম প্রেরণ করা হয়ে থাকে। এছাড়া সরকারী ও বেসরকারী বিভিন্ন দপ্তরের অনুষ্ঠানে চাহিদা মোতাবেক ক্বারী, ইমাম ও বিচারকমণ্ডলী এ বিভাগের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে। পবিত্র হজ্জব্রত পালনের জন্য সরকারীভাবে হজ্জযাত্রীদের প্রাক-নিবন্ধন, নিবন্ধন ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

একজন পরিচালকের তত্ত্বাবধানে এ বিভাগের যাবতীয় কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

